1000Rs.

INDIA NON JUDICIAL

१००० रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

-: খত দানপত্র :-

দানকৃত সম্পত্তির মূল্য ১২,৫০০, (বার হাজার পাঁচশত )টাকা ।

| দানপত্র গ্রহীতা :- | দানপত্র দাতা :- |
| --- | --- |
| শ্রী গৌর চন্দ্র দাস,<br>পিতা শ্রী পঞ্চানন দাস,<br>জাতি- হিন্দু, পেশা -চাকুরী,<br>সাং মিস্ত্রীঘাট, মনিরামপুর,<br>থানা : বারাকপুর, জেলা-উত্তর-<br>২৪পরগণা । | শ্রী পঞ্চানন দাস,<br>পিতা মৃত ক্ষেত্র মোহন দাস,<br>জাতি- হিন্দু, পেশা - অবসর ভোগী<br>সাং মিস্ত্রীঘাট, মনিরামপুর,<br>থানা: বারাকপুর, জেলা- উত্তর-<br>২৪পরগণা । |

কস্য খত দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ::-

জেলা- উত্তর ২৪পরগণা, থানা - বারাকপুর, এডিসনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস

২পাতা-

1499 1000·00

No.______Dt.______Rs.
Name— Gour Chandra Das
Address— Manirampur
P.S.— Barrackpore

Signature of Stamp Vendor Barrackpore Court.

Name of the Vendor— Manoj Kumar Sen
Name of the Treasury— Barrackpore
T.V. No. with date of purchase 1.9.11.93
Total Amount of Stamps purchased under this T.V. ........41,000·00

1499 - 1000·00 Manoj Kumar Sen
1500 200·00 29/11/93
1501 100·00
1502 10·00
TOTAL 1310·00

Presented for Registration at ______ A.M./P.M. on the ______ day of ______ 199 at the Barrackpore A.D.S.R. Office by Panchanan Das

Execution is admitted by
Panchanan Das
Panchanan Das

Atny 1.2.93.

Panchanan Das

744

Gour Chandra Das.

748

Dinanath Ray

Dinanath Ray
1.2.93.

200Rs.




-(২)-

Panchanan Das

Panchanan Das

বারাকপুর, উওর বারাকপুর পৌর সভার এলাকাধীন, মৌজা- মনিরামপুর গ্রামে, জে:এল:নং ২, ১১৫ ও ১১৬ নং খতিয়ান ভুক্ত ৫৬৫। ৮৬৮ ও ৫৫৬ নং দাগে মাপ্সরৎ ৬ কাঠা ১ ছটাক ৩৯ বর্গফুট বাস্তু জমি সায় তদুপরিস্থিত পুরাতন গৃহাদি সায় যাবতীয় সুসাজ পাঠ সম্পত্তি আমি অত্র দাতা পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্যূঢ় স্বত্বে ষোল আনা রকমে মালিক চিহ্নিত হইয়া স্থানীয় পৌর সভায় ও মালিক সেরেস্তায় নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি আদায় দিয়া ভোগ দখলীকার আছি।

এক্ষনে আমার বয়:বৃদ্ধি হওয়ায় সমস্ত বিষয় আশয় হইতে মুক্ত হওয়াই স্বাভাবিক মনস্থ করিয়া আমি অত্র দাতা আমার উক্ত সম্পত্তিকে চারিটি ভাগে ভাগ করি যাছি। তুমি অত্র গ্রহীতা আমার দ্বিতীয় পুত্র হইতেছ। তুমি আমাকে

৩পাতা-

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

100 Rs.



Panchanan Das

অতিশয় ভক্তি শুশ্রূষা ও সেবা যত্নাদি করিয়া আসিতেছ । আশারাখি ভবিষ্যতে ও তুমি আমাকে বর্তমানের ন্যায় ভক্তি শুশ্রূষা করিবে এবং আমার ভরন পোষনের দায়িত্ব গ্রহন করিবে । তোমার ব্যবহারে আমি অতিশয় সন্তুষ্ট ও প্রীত । তোমার প্রতি সন্তুষ্টির কারনে এবং উক্ত সম্পত্তি লইয়া ভবিষ্যতে যাহাতে কোন রূপ বাদ বিসম্বাদ না ঘটে তজ্জন্য উক্ত চারিভাগের এক ভাগ যাহা নিম্ন তফশীল বর্নিত সম্পত্তি যাহা অত্র সংলগ্ন নকশায় লাল বর্নের রেখা দ্বারা চিহ্নিত ও বেষ্টিত রহিয়াছে ও যাহা 'বি' লট রূপে নির্দেশিত তাহা এতদ্বারা তোমাকে দান করত : এবং অদ্য হইতে ই অত্র দানকৃত সম্পত্তিতে তোমাকে খাস দখল দিয়া উহা হইতে আমি আমার অপরাপর পুত্র, পৌত্রাদি ও ওয়ারিশানগনক্রমে

10 Rs.






Panchanan Das

এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। এই দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, প্রাপ্য এবং হকিয়ত অধিকারাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে এই দানপত্র মূলে তোমাতে বর্তাইল বা তোমার হইল। তুমি অদ্য হইতে এই দানপ্রাপ্ত সম্পত্তি তোমার সম্পূর্ণ নিজাধিকারে লইয়া আমার বর্তমান ক্ষমতার ন্যায় আপন ইচ্ছামতে উহা দান, বিক্রয়, ইত্যাদির সকল প্রকার হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে এবং উহার নিমিত্ত আপন নাম স্থানীয় পৌর সভা ও উপযুক্ত সেরেস্তায় পত্তন করত: ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি প্রদানে এই দানকৃত সম্পত্তি যদৃচ্ছামতে ব্যবহারে তুমি মায় তোমার ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকিবে, তাহাতে কস্মিনকালেও কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিব না বা করিবে না। যদি করি কিংবা করে তাহা হইলে তাহাও সর্ব্বত্র, সর্ব্ব আদালতে

৫ পাতা-

বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

প্রকাশ থাকে যে, অত্র সংলগ্ন নকশায় প্রদর্শিত মোট সম্পত্তির পশ্চিম পার্শ্বের ৮১ ফুট ৪ ইঞ্চি লম্বা ও সম্মুখে ৭ ফুট ও কিছু পশ্চাৎ হইতে ৬ ফুট চওড়া কমন প্যাসেজ, উত্তর পার্শ্বে কিয়দ অংশে ৪ ফুট চওড়া কমন প্যাসেজ ও মধ্যস্থলের ৪ ফুট চওড়া কমন প্যাসেজ সকল অংশীদারগণ ওয়ারিশানগণক্রমে কমন হিসাবে ব্যবহার করিবে । ইহাতে কদাপি কাহারও কোন ওজর আপত্তি চলিবে না ।

আরো প্রকাশ থাকে যে, আমার মোট সম্পত্তির মধ্যে তোমার দানপ্রাপ্ত অংশের যে সকল পার্শ্বে অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশ রহিয়াছে কিংবা কমন প্যাসেজ - রহিয়াছে সেই সকল পার্শ্বে অন্য কাহারও বিনা আপত্তিতে ওয়ারিশানগণক্রমে স্থানীয় পৌর সভার আইন অনুযায়ী কোন জায়গা না ছাড়িয়াই ভবিষ্যতে যে কোনরূপ নির্মান কার্য্য করিতে পারিবে । কিন্তু সেক্ষেত্রে কমন প্যাসেজের পার্শ্ব ছাড়া অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশের পার্শ্বে কোনরূপ দরজা, কিংবা জানলা ফুটাইয়া কিংবা বসাইতে পারিবে না । অন্যদিকে তোমার প্রাপ্ত অংশে যে সকল পার্শ্বে অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশ রহিয়াছে সে সকল পার্শ্বে সেই অংশীদারগণ নিজ নিজ প্রাপ্ত অংশে পৌর সভার আইন অনুযায়ী ওয়ারিশানগণক্রমে ভবিষ্যতে কোনরূপ জায়গা না ছাড়িয়া নির্মান কার্য্য করিতে পারিবে তাহাতে তুমি ওয়ারিশানগণক্রমে কোনরূপ ওজর আপত্তি করিতে পারিবে না, করিলেও তাহা সর্বত্র, নামঞ্জুর বলিয়া গণ্য হইবে । তবে সেক্ষেত্রেও অন্যান্য অংশীদারগণ সেই সকল পার্শ্বে কোনরূপ দরজা।

Panchanan Das

Scanned with CamScanner

বা জানলা ফুটাইতে কিংবা বসাইতে পারিবে না। সকল অংশীদারগণই আমার সমস্ত সম্পত্তি মধ্যে যে কমনড্রেন রহিয়াছে কিংবা থাকিবে তাহা কমন রূপে সকল অংশীদারগণই ওয়ারিশানগণক্রমে ব্যবহার করিতে থাকিবে। সম্পত্তির কমন ড্রেন ও কমন প্যাসেজগুলির সংস্কার ও পরিচ্ছন্ন রাখিবার ব্যয় সকল অংশীদারগণ সমভাবে বহন করিতে বাধ্য থাকিল। তুমি অত্র দানপত্র গ্রহীতা তোমার নিজ নামে অত্র দানকৃত সম্পত্তিতে নিজ ব্যয়ে জলের লাইন, টেলিফোন লাইন, কিংবা বৈদ্যুতিক লাইন ইত্যাদি অন্যের বিনা আপত্তিতে প্রয়োজনে কমন প্যাসেজের মাধ্যমে আনিতে পারিবে।

আরো প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহাকেও দান, বিক্রয়, ইত্যাদি প্রকারে হস্তান্তর করি নাই বা উহা হস্তান্তরের নিমিত্তে কাহারও সহিত কোন প্রকার চুক্তিতে আবদ্ধ হই নাই কিংবা বায়না গ্রহন করি নাই বা উহাতে অপর কোন শরিক অংশীদার নাই বা উহা কোন প্রকারেই দায় সংযোগ করি নাই। সম্পূর্ন নির্দ্দায়, নির্দ্দোষ মুক্তাবস্থায় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি তোমাকে এতদ্বারা দান করিলাম। দানকৃত সম্পত্তির মূল্য ১২,৫০০ (বার হাজার পাঁচশত) টাকা ধার্য্য করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, সজ্ঞানে, স্থির চিত্তে, অন্যের বিনা অনুরোধে, এবং কাহারও প্রভাবে প্রভাবিত না হইয়া অত্র দানপত্রে লিখিত সকল কথার মর্মার্থ সম্যক বুঝিয়া ও সঠিক ভাবে লেখা হইয়াছে জানিয়া আমি নিম্ন লিখিত সাক্ষীগনের



Scanned with CamScanner

সম্মুখে এই দানপত্রে আপন নাম সহি সম্পাদন করিলাম । ইতি তং বং ১৮ই মাঘ ১৩৯৯ সন, ইং তং ১৯৯৩ সালের ১লা ফেব্রুয়ারী ।

তপশীল উক্ত দানকৃত সম্পত্তির পরিচয় :-

জেলা- উত্তর ২৪পরগণা, থানা- ও সাব-রেজিষ্ট্রী অফিস বারাকপুর, পৌরসংস্থা উত্তর বারাকপুর অধীন, মৌজা- মনিরামপুর গ্রামে, জে:এল:নং ২, খতিয়ান নং ১১৫, (একশত পনের) ও ১১৬ (একশত ষোল) উক্ত, ৫৬৫ ।৮৬৮ (পাঁচশত পঁয়ষট্টির বাটা আটশত আটষট্টি) ও ৫৫৬ (পাঁচশত ছাপান্ন) নং দাগে এই সংলগ্ন নকশায় লাল বর্ণের রেখা দ্বারা সীমাবদ্ধ ও লট' বি'রূপে বিশেষ ভাবে চিহ্নিত মাপসুমার কমবেশী ১(এক) কাঠা ৯(নয়) ছটাক ৪১(একচল্লিশ) বর্গফুট বাস্তু জমি সায় অবস্থিত পুরাতন গৃহাদি সায় এই সহ নকশায় প্রদর্শিত কমন প্যাসেজ ড্রেন, ইত্যাদি কমন রূপে ব্যবহারের স্বত্বাদি সহ যাবতীয় স্বত্বাদি সম্পত্তি এতদ্বারা দানকৃত সম্পত্তি হইল । যাহা উত্তর বারাকপুর পৌর সভার ২২ নং ওয়ার্ডের ৮৬ নং হোল্ডিং উক্ত সম্পত্তি হইতেছে । এই সহ সর্ত্তীয় নকশা এই দানপত্রের একাংশ বলিয়া গণ্য হইবে ।

চৌহদ্দী :-

উত্তরে :- ৪ চার ফুট প্রশস্ত কমন প্যাসেজ ও কিয়দংশে লট' সি' উক্ত সম্পত্তি ।

দক্ষিনে :- লট' ডি' উক্ত সম্পত্তি ।

পূর্ব্বে :- লট' সি' উক্ত সম্পত্তি ও কিয়দ অংশে ৪ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ।

পশ্চিমে : - ৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ও কিয়দংশে লট' ডি' উক্ত সম্পত্তি ।

৮ পাতা-

আমি এই দানপত্র গ্রহীতা আমার পিতৃদেব কর্তৃক
উপরোক্ত দানকৃত সম্পত্তি সানন্দে গ্রহন করিলাম ও
উহাতে বাস দখল নিলাম ।

Gour Chandra Das.

Panchanan Das

মুসাবিদা কারক :-

শম্ভু অধিকারী

(শ্রী শম্ভু[redacted] অধিকারী)

এ্যাডভোকেট,
বারাকপুর কোর্ট।

ইসাদী :-

১) Dinanath Ray
S/o of Shew Bachan Raj
Miniram Pur
Barrackpore

২) Anil Kumar Neogi
S/o Late Bamapada Neogi
S.N. Banerjee Road.
Monirami ghat, Barrack-pore
Dist. 24 Pgs (North)

টাইপ কারক :-

চন্দন চক্রবর্তী।

(শ্রী চন্দন চক্রবর্তী)
বারাকপুর কোর্ট।

1.2.93.